দৈনিক সংবাদ

তারিখ ... 26 MAY 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪ ...

১৫

ইউনিসেফ প্রতিনিধির মন্তব্য

# শিক্ষামূলক কর্মসূচী রেখে শিশুদের পর্যায়ক্রমে অপসারণ করা দরকার

(নিজস্ব বার্তা পরিবেশক)

ইউনিসেফ-এর বাংলাদেশস্থ আবাসিক প্রতিনিধি রলফ্ সি ক্যারিয়ার বলেন, পোশাক শিল্পকে শিশু শ্রমমুক্ত করার জন্য শিশুদের রাতারাতি চাকরিচ্যুত করা ঠিক হবে না। এক্ষেত্রে বর্তমান সমঝোতা স্মারকটি আংশিক পরিবর্তন করে শিশুদের জন্য শিক্ষামূলক কর্মসূচীর ব্যবস্থা রেখে পর্যায়ক্রমে অপসারণ করা দরকার। তিনি বলেন, এ বিষয়ে আমরা বিজিএমইএ এবং মার্কিন দূতাবাসের সাথে আলাপ করছি। বিজিএমইএ নেতৃবৃন্দ বিষয়টি পুনর্বিবেচনা করবেন বলে আশা করি। আমদানিকারকদের সাথেও আমরা শিগগিরই বৈঠক করব। তারাও এতে রাজি হবে বলে আমার বিশ্বাস।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ইউনিসেফ কার্যালয়ে দেয়া এক সাক্ষাৎকারে তিনি একথা বলেন।

তিনি বলেন, আমদানিকারকরা যদি শিশুদের স্বার্থের কথা বিবেচনা করে পোশাকশিল্পকে শিশু শ্রমমুক্ত দেখতে চায় তাহলে তারা এটাও মানবে যে, রাতারাতি চাকরিচ্যুত করা হলে সেটা শিশুদের মঙ্গল বয়ে আনবে না।

তিনি বলেন ঃ আমার বিশ্বাস আমদানিকারকরা বুঝদার লোক। কোনটি শিশুদের জন্য সবচেয়ে ভালো হবে এটা বোঝালে তারা বুঝবে। পোশাকশিল্পে অবস্থানরত শিশুদের স্কুল কর্মসূচীর মাধ্যমে পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য অন্তত দু'বছর সময় নিয়ে কিছু বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করলে উপযুক্ত বয়সে তাদেরকে এই শিল্পেই কাজে লাগানোর উপযোগী করে তোলা সম্ভব।